



সংশোধিত বিজ্ঞপ্তি

বরাবর: বাংলাদেশ ফুটবল ফেডারেশনের আওতাধীন সদস্য সংস্থাসমূহ।

বিষয়ঃ ‘বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২৬-২৭’ এ অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ বাফুফে কর্তৃক ইতিপূর্বে প্রেরিত বিজ্ঞপ্তি নং- ০৯/২০২৬, তারিখ: ২০-০৬-২০২৬।

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ বিজ্ঞপ্তির আলোকে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ফুটবল ফেডারেশন কর্তৃক ক্লাব লাইসেন্সিং প্রক্রিয়া সম্পন্ন করতঃ ‘বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২৬-২৭’ আয়োজন করা হবে। এ লক্ষ্যে যে সকল ক্লাব/সংস্থার ফুটবল দল ‘বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২৬-২৭’ এ অংশগ্রহণে আগ্রহী সে সকল ক্লাব/সংস্থাসমূহকে মতিঝিলস্থ বাফুফে সচিবালয় বরাবর আবেদন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। আসন্ন ‘বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২৬-২৭’ উপলক্ষে প্রণীত ‘BFF Club Licensing Regulations 2026-27 For BCL’ এবং ‘BFF Club Licensing Application Manual 2026-27’ এর বিভিন্ন নির্ণায়ক/মানদণ্ডসমূহ পূরণ করা বাঞ্ছনীয় বিধায় সংশ্লিষ্ট সকলের প্রয়োজনীয় কার্যার্থে উক্ত রেগুলেশনস ও ম্যানুয়াল এতদসঙ্গে সংযুক্তি হিসেবে প্রেরণ করা হলো।

এমতাবস্থায় যে সকল ক্লাব/সংস্থা ‘বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২৬-২৭’ এ অংশগ্রহণে আগ্রহী সে সকল ক্লাব/সংস্থাসমূহকে এতদসঙ্গে সংযুক্ত ‘BFF Club Licensing Regulations 2026-27 For BCL’ এ উল্লেখিত Core Process Timeline অনুযায়ী ‘BFF Club Licensing Application Manual 2026-27’ এর বিভিন্ন নির্ণায়কসমূহ যথাযথভাবে সংযুক্ত/পূরণপূর্বক প্রয়োজনীয় ডকুমেন্ট/কাগজ-পত্রাদি সংযুক্তি হিসেবে আগামী ২০-০৭-২০২৬ তারিখের মধ্যে মতিঝিলস্থ বাফুফে সচিবালয় বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

বিশেষভাবে উল্লেখ্য যে,

- ১। উল্লেখ্য যে, আসন্ন ‘বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২৬-২৭’ এ অংশগ্রহণের লক্ষ্যে ক্লাব লাইসেন্সিং এর জন্য আবেদনকারী নতুন দলসমূহকে (প্রমোশনযোগ্য দল ব্যতীত) নিরাপত্তা জনিত জামানত (Security/Guarantee Deposit) হিসেবে বাংলাদেশ ফুটবল ফেডারেশনের অনুকূলে ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকার (বাফুফে’র আওতাধীন সার্ভিসেস দলসমূহ ব্যতীত) পে অর্ডার প্রদান করতে হবে; যাহা উক্ত লীগের নিয়মকানুন ও শর্তসমূহ পূরণ সাপেক্ষে ফেরতযোগ্য।
- ২। ‘বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২৫-২৬’ উপলক্ষে প্রণীত রেগুলেশনের ধারা (16.3.3 Teams relegated from the Bangladesh Championship League will not be eligible to apply for club licensing for the next league season. Clubs that participate in the BFF Club Licensing for the relevant season and become eligible to compete in the Bangladesh Championship League, but later withdraw or fail to participate, will not be allowed to apply for club licensing for the next three consecutive seasons of the Bangladesh Championship League.) অনুযায়ী লাইসেন্সিং প্রক্রিয়া সম্পাদন করা হবে।
- ৩। কোনো ক্লাব/সংস্থা যদি বিশিষ্ট বা বিখ্যাত ব্যক্তির নাম ব্যবহার করতে ইচ্ছুক হয়, সে ক্ষেত্রে সংশ্লিষ্ট ট্রাস্ট/ফাউন্ডেশন/ইনস্টিটিউট থেকে পূর্বানুমতি গ্রহণ করতে হবে এবং তার প্রমাণস্বরূপ প্রয়োজনীয় আইনগত সনদপত্র বাফুফে বরাবর দাখিল করতে হবে।

চলমান পাতা #০২



BANGLADESH FOOTBALL FEDERATION

(০২)

সংশ্লিষ্ট বিষয়ে যে কোন প্রয়োজনে বাফুফে'র এ্যাসিস্ট্যান্ট ম্যানেজার-ক্লাব লাইসেন্সিং এন্ড ইন্টিগ্রিটি, জনাব মোঃ মিরাজুল ইসলাম (মোবাইলঃ +৮৮ ০১৭৬০-৮১৯৮৪৮ এবং ই-মেইলঃ mirajul.islam@bff.com.bd) এর সহিত যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

ধন্যবাদান্তে,
বাংলাদেশ ফুটবল ফেডারেশন



ইমরান হোসেন তুষার
সাধারণ সম্পাদক

বিতরণঃ

- ১। সম্মানীত সভাপতি, বাফুফে।
- ২। সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতিবৃন্দ ও সকল সদস্য, কার্যনির্বাহী কমিটি, বাফুফে।
- ৩। বাফুফে'র আওতাধীন সকল এসোসিয়েশন/সদস্য সংস্থা।
- ৪। বাফুফে নোটিশ বোর্ড।
- ৫। সকল ইলেকট্রনিক্স, প্রিন্ট ও অনলাইন মিডিয়া।
- ৬। সংশ্লিষ্ট সকল।

সংযুক্তিঃ

1. BFF Club Licensing Regulations 2026-27 For BCL (এক কপি)
2. BFF Club Licensing Application Manual 2026-27 (এক কপি)
3. Core Process Timeline (এক কপি)